FEB. 22 2001

দৈনিক জনকণ্ঠ

পৃষ্ঠা ... কলাম ...

# চবি ক্যাম্পাস ফের উত্তপ্ত ॥ ছাত্রলীগ-শিবির মুখোমুখি

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** মঙ্গলবার রাতে ক্যাম্পাসে ছাত্র শিবিরের দুই নেতা অপহরণের ঘটনাকে কেন্দ্র করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে। এ ঘটনার প্রতিবাদে ছাত্র শিবির আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। ঘটনা তদন্তে গঠিত হয়েছে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি।

ক্যাম্পাস সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় শিবির নেতা জাকির হোসেন ও মানিক মোটরসাইকেলযোগে যাওয়ার পথে মঙ্গলবার রাত ৮টায় শামসুন্নাহার হলের কাছে অপহরণের শিকার হয়। মানিক পালিয়ে আসলেও একঘণ্টা পর মারাত্মক আহত অবস্থায় পুলিশ জাকির হোসেনকে উদ্ধার করে। সে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ছাত্রশিবির এ ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করে তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে বিক্ষোভ ও সমাবেশ করে। এমনকি শিবিরের ক্ষুব্ধ নেতা-কর্মীরা প্রক্টর ডঃ গাজী সালেহ উদ্দিনকে অকথ্য ভাষায় গালিগালাজ করে তাঁর গাড়ি ভাঙচুরের চেষ্টা চালায়। অপরদিকে শিবিরের এসব অপতৎপরতার প্রতিবাদে ছাত্রলীগও আমানত হলে পাল্টা মিছিল করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। উদ্ভূত পরিস্থিতিতে নবনিযুক্ত উপাচার্য ডঃ ফজলী হোসেন এক জরুরী সভা আহ্বান করে ৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছেন অপহরণের ঘটনা তদন্তের লক্ষ্যে। আইন অনুষদের ডিন ডঃ শাহ আলমকে এ কমিটির আহ্বায়কের দায়িত্ব দেয়া হয়েছে।

এদিকে অপহরণের এ ঘটনার প্রতিবাদে শিবির আজ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে। আজকের মধ্যে অপহরণকারী ছাত্রলীগ নেতাকর্মীদের গ্রেফতার করা না হলে লাগাতার ছাত্র ধর্মঘটের হুমকি দিয়েছে শিবির। এ ছাড়া এ অপহরণ ঘটনার সাথে জড়িত থাকার দায়ে ছাত্রলীগ সাধারণ সম্পাদক প্রদীপের শিমুল, রবি, সুমন ও তানভিরসহ ১০ জনকে আসামী করে হাটহাজারী থানায় বুধবার একটি মামলা দায়ের করা হয়েছে।